

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ২৬, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
সঞ্চয় শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ২ ফাল্গুন ১৪২৯/১৫ ফেব্রুয়ারি ২০২৩

নং ০৮.০০.০০০০.০৪১.২২.০০১.২০.১৯—১ জুলাই, ২০২৩ তারিখের পূর্বে ম্যানুয়ালি খোলা ডাকঘর সঞ্চয় ব্যাংক মেয়াদী হিসাবের বা ১ জুলাই, ২০২৩ তারিখের পূর্বে কোনো মেয়াদী হিসাব স্বয়ংক্রিয় পুনর্বিনিয়োগে প্রবেশ করে থাকলে শুধুমাত্র চলমান এক মেয়াদ পর্যন্ত মুনাফা প্রাপ্য হবেন এবং মেয়াদ শেষে প্রাপ্য মুনাফা যোগ করে একাউন্টের হিসাব বন্ধ থাকবে। তবে আমানতকারী ইচ্ছা পোষণ করলে একই দিনে অনলাইনে নতুন একটি ডিজিটাল মেয়াদী হিসাব খুলতে পারবেন। ১ জুলাই, ২০২৩ তারিখ হতে ডাকঘর সঞ্চয় ব্যাংক মেয়াদী হিসাব এর কোনো জমা ম্যানুয়াল পদ্ধতিতে গ্রহণযোগ্য হবে না।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
তারেক মোহাম্মদ জাকারিয়া
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৩৮০৫)
মূল্য : টাকা ৪.০০